131

দৈনিক ইত্তেফাক
তারিখ 14 APR 1998
পৃষ্ঠা ৩ কলাম ৫

# নকলের দায়ে যশোর বোর্ডে ১,৭৭৫ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

ঝিনাইদহ সংবাদদাতা ।। গত বছর যশোর বোর্ডের অধীন এসএসসি পরীক্ষায় নকল ও অসদুপায় অবলম্বনের অভিযোগে ১৭৭৫ জন ছাত্র-ছাত্রীর সাজা হয়। অভিযুক্তদের উত্তরপত্র, পরীক্ষার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ ও প্রধান পরীক্ষক-

(৯ম পৃ: দ্র:)

## নকলের দায়ে

( ৩য় পৃ: পর )

গণের নিকট হইতে প্রাপ্ত রিপোর্ট এবং আনুষঙ্গিক কাগজপত্র পরীক্ষা শেষে বোর্ডের শৃংখলা কমিটির সভায় পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা-নিরীক্ষা ও বিচার-বিশ্লেষণের পর দোষী প্রমাণ শেষে এই সাজা প্রদান করা হয়।

বোর্ডের একটি উর্ধ্বতন সূত্রে জানা যায়, ৯৭৫ জন ছাত্র-ছাত্রীর শুধু '৯৭ সালের পরীক্ষা বাতিল করা হইয়াছে। তাহারা ইচ্ছা করিলে '৯৮ সালের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবে। ৭৫৮ জনের '৯৭ সালের পরীক্ষা বাতিলসহ '৯৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে। ১৪ জনের '৯৭ সালের পরীক্ষা বাতিলসহ '৯৮ ও '৯৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে। ২৮ জনের '৯৭ সালের পরীক্ষা বাতিলসহ আগামী ২০00 সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে।

সাজাপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের রোল নম্বর বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত সকল হাইস্কুলে প্রধান শিক্ষক ও শিক্ষিকাসহ সংশ্লিষ্ট সকল মহলকে জানান হইয়াছে।